



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/13/2023

গভর্নর ক্যাথি হোকল

লাগুয়ার্ডিয়া বিমানবন্দর পর্যন্ত গণপরিবহনের সুবিধার ব্যাপারে গভর্নর ক্যাথি হোকলের বিবৃতি

"বিশ্বমানের বিমানবন্দরে যাওয়ার জন্য বিশ্বমানের পরিবহন নিউ ইয়র্কবাসীদের প্রাপ্য। লাগুয়ার্ডিয়া বিমানবন্দরের (LaGuardia Airport) জন্য গাড়ির ট্র্যাফিক হ্রাস করবে এবং সংযোগ বৃদ্ধি করবে ও একইসাথে আমাদের গ্রাহকদের চাহিদা পূরণ করবে এমন গণপরিবহন সমাধানসমূহ পুঙ্খানুপুঙ্খভাবে খতিয়ে দেখার জন্য দায়িত্ব গ্রহণের অল্প সময় পরেই আমি বন্দর কর্তৃপক্ষকে (Port Authority) নির্দেশ দিয়েছিলাম। গ্রাহকদের জন্য একটি নিঃসরণমুক্ত পরিবহন সমাধানসহ একটি স্পষ্ট, ব্যয় কার্যকর অগ্রগামী পন্থা প্রদান করার জন্য আমি বিশেষজ্ঞ প্যানেল, কারিগরি উপদেষ্টাগণ এবং বন্দর কর্তৃপক্ষের কাছে কৃতজ্ঞ। আমি এই প্রতিবেদনের সুপারিশসমূহ গ্রহণ করছি, এবং মেট্রোপলিটন পরিবহন কর্তৃপক্ষ (Metropolitan Transportation Authority, MTA), নিউ ইয়র্ক সিটি এবং ফেডারেল সরকারে আমাদের অংশীদারদের সাথে নিবিড় সমন্বয়ে বন্দর কর্তৃপক্ষকে অবিলম্বে এর বাস্তবায়ন করতে দেখার জন্য আমি উন্মুখ।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418